৪৬.০৫.০০০০.৪৪৩.২২.০১৫.২৪-১-২০২৪০৯১১_১৪১০০৮

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ ভান্ডার বিভাগ
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), ভান্ডার বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৪৩.২২.০১৫.২৪ নথির বিষয়: Supply of 12V, 29P, 200 AH Battery for IPS of Store Division, Dhaka WASA
নোট: ১ নোটের বিষয়: **Supply of 12V, 29P, 200 AH Battery for IPS of Store Division, Dhaka WASA**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৯/৯/২৪ ১১:৫৮ পূর্বাহ্ণ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। পাগলাস্থ ভান্ডার বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মডস জোন, রাজস্ব জোন ও অফিসের সংগ্রহকৃত মালামাল ভান্ডার বিভাগে জমা রাখা হয়। এছাড়াও বিভিন্ন বিভাগ/প্রকল্পের পুরাতন ও ব্যবহার অনুপযোগী মালামাল এম.আর.এস. এর মাধ্যমে ভান্ডার বিভাগে জমা করা হয়। অত্র বিভাগ কর্তৃক উক্ত মালামালসমূহ মজুদ, সংরক্ষণ ও বিতরণ করা হয়ে থাকে। অত্র বিভাগে পর্যাপ্ত বদ্ধ গুদাম এবং উন্মুক্ত শেড না থাকায় মালামালের প্রকৃতিভেদে অপেক্ষাকৃত ক্ষুদ্র ও মূল্যবান মালামাল সমূহ বদ্ধ গুদামে এবং অপেক্ষাকৃত বড় ও ভারী মালামাল সমূহ যথাক্রমে উন্মুক্ত শেড ও খোলা মাঠে সংরক্ষণ করা হয়। ভান্ডার বিভাগের মূল্যবান মালামালের সার্বিক নিরাপত্তার জন্য ৯ (নয়) জন আনসার ও ১২ (বারো) জন ভিডিপিএস নিরাপত্তাকর্মী নিয়োজিত আছে। মূল্যবান মালামাল থাকার কারণে প্রায়ই চোর প্রবেশের চেষ্টা করে। তাই ভান্ডার বিভাগের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা পর্যবেক্ষণের জন্য আইপি ক্যামেরা স্থাপন করা আছে। ভান্ডার বিভাগে প্রায়শই বিদ্যুৎ বিভ্রাট ঘটে বিধায় আইপি ক্যামেরার যাবতীয় তথ্যাদি সার্বক্ষণিকভাবে মনিটরিং ও সংরক্ষণের জন্য ১টি আই.পি.এস. আছে। সম্প্রতি উক্ত আই.পি.এসের ১টি ব্যাটারি দীর্ঘদিন ব্যবহারের পরে নষ্ট হয়ে গেছে। আই.পি.এস.টি ব্যবহার উপযোগীকরণের জন্য বর্তমানে ১টি ব্যাটারি সংগ্রহ করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৯/৯/২৪ ১২:০১ অপরাহ্ণ

উপরোক্ত বর্ণনার আলোকে "Supply of 12V, 29P, 200 AH Battery for IPS of Store Division, Dhaka WASA" শীর্ষক কাজের জন্য একটি প্রাক্কলন (সংযুক্তি-৩) প্রস্তুত করা হ'ল। বর্তমান বাজার দর (সংযুক্তি-২) এর ভিত্তিতে প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ হয়েছে ২৪,৫০০.০০ (চব্বিশ হাজার পাঁচ শত) টাকা মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৪-২০২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (সংযুক্তি-১) এর ক্রমিক নং-১৫, প্যাকেজ-বি.৯.১ (থোক বরাদ্দ) এ অন্তর্ভুক্ত আছে। কাজটির ব্যয়ভার ভান্ডার বিভাগের চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট বরাদ্দের অফিস রক্ষণাবেক্ষণ খাত (কোড: ০১-০২-০১২) হতে বহন করা হবে (সংযুক্তি-১)। কাজটি অতি জরুরি ও স্বল্পমূল্যের বিধায় পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। উক্ত টাকা অস্থায়ী অগ্রিম হিসেবে গ্রহণ করা হবে এবং কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

সংযুক্তিসমূহ (৪):

১। বার্ষিক ক্রয় পরিকল্পনা.
২। বর্তমান বাজার দর.
৩। প্রাক্কলন.
৪। প্রতিবেদন.

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৯/৯/২৪ ১২:০২ অপরাহ্ণ

এমতাবস্থায়, "Supply of 12V, 29P, 200 AH Battery for IPS of Store Division, Dhaka WASA" শীর্ষক কাজটি পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট ২৪,৫০০.০০ (চব্বিশ হাজার পাঁচ শত) টাকা মাত্র প্রাক্কলনটি অনুমোদন করা যেতে পারে। Sub-Delegation of Financial Power অনুযায়ী বর্ণিত কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

৯/৯/২৪ ১২:১৩ অপরাহ্ণ মোঃ হাসানুজ্জামান উপ-সহকারী প্রকৌশলী ভান্ডার বিভাগ	৯/৯/২৪ ১:১২ অপরাহ্ণ পল সরকার সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ	৯/৯/২৪ ১:৩৮ অপরাহ্ণ মোঃ ছরোয়ার হোসেন খান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ	৯/৯/২৪ ২:১৪ অপরাহ্ণ মোঃ ইকবাল আহমেদ মজুমদার তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস এম ডব্লিউ পি সার্কেল

~~৯/৯/২৪ ২:১৪ অপরাহ্ণ~~
~~মুত্তাকিজুর রহমান~~
~~প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~
~~প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৯/৯/২৪ ৮:৪৪ অপরাহ্ণ

Okay

৯/৯/২৪ ৮:৪৫ অপরাহ্ণ
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিকল্পন ও রক্ষণাবেক্ষণ)

১০/৯/২৪ ১১:০০ পূর্বাহ্ণ
মোঃ ইকবাল আহমেদ মজুমদার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এস এম ডব্লিউ সি সার্কেল

~~১০/৯/২৪ ১১:০০ পূর্বাহ্ণ~~
~~মোঃ ছরোয়ার হোসেন খান~~
~~নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~
~~ভান্ডার বিভাগ~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১০/৯/২৪ ১১:৩০ পূর্বাহ্ণ

পরবর্তী ব্যবস্থা নিন।

১০/৯/২৪ ১১:৩১ পূর্বাহ্ণ
মোঃ ছরোয়ার হোসেন খান
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
ভান্ডার বিভাগ

১০/৯/২৪ ৩:৫৯ অপরাহ্ণ
পল সরকার
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
ভান্ডার বিভাগ

১০/৯/২৪ ৩:৫৯ অপরাহ্ণ
মোঃ হাসানুজ্জামান
উপ-সহকারী প্রকৌশলী
ভান্ডার বিভাগ,